

# ■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৮৫৩

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১২, দ্বিতীয় অনুচ্ছেদ - সালাতে ক্বিরাআতের বর্ণনা

### আরবী

وَعَنْ سُلَيْمَانَ بْنِ يَسَارٍ عَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ: مَا صَلَّيْتُ وَرَاءَ أَحَد أَشْبَهَ صَلَاةً بِرَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مِنْ فَلَان. قَالَ سُلَيْمَان: صَلَّيْتُ خَلْفَهُ فَكَانَ يُطِيلُ الرَّكْعَتَيْنِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مِنْ فَلَان. قَالَ سُلَيْمَان: صَلَّيْتُ خَلْفَهُ فَكَانَ يُطِيلُ الرَّكْعَتَيْنِ الْأُولَيَيْنِ مِنَ الظّهْر ويخفف الْأُخْرَيَيْنِ ويخفف الْعَصْر وَيَقْرَأُ فِي الْمَغْرِبِ بِقِصَارِ الْمُفَصَل وَيَقْرَأُ فِي الصَّبْحِ بِطِوال الْمُفَصَل . رَوَاهُ النَّسَائِيُّ وَرَوَى ابْنُ مَاجَه إِلَى ويخفف الْعَصْر

#### বাংলা

৮৫৩-[৩২] সুলায়মান ইবনু ইয়াসার (রহঃ) হতে বর্ণিত। তিনি বলেন, আবূ হুরায়রাহ্ (রাঃ) বলেছেন, আমি অমুক লোক ছাড়া আর কোন লোকের পিছনে রসূলুল্লাহ সাল্লাল্লাহ্ছ আলাইহি ওয়াসাল্লাম-এর সালাতের সাথে সামঞ্জস্যপূর্ণ সালাত (সালাত/নামায/নামাজ) আদায় করিনি। সুলায়মান বলেন, আমিও ওই লোকের পিছনে সালাত আদায় করেছি। তিনি যুহরের প্রথম দু' রাক্'আত অনেক লম্বা করে পড়তেন। আর শেষ দু' রাক্'আতকে ছোট করে পড়তেন। 'আসরের সালাত ছোট করতেন। মাগরিবের সালাতে কিসারি মুফাসসাল (সংক্ষিপ্ত) সূরাহ্ পাঠ করতেন। 'ইশার সালাতে আওসাতে মুফাসসাল (মধ্যম) সূরাহ্ পাঠ করতেন। আর ফজরের (ফজরের) সালাতে তিওয়ালি মুফাসসাল (দীর্ঘ) সূরাহ্ পাঠ করতেন।[1]

নাসায়ী ও ইবনু মাজাহ্ও এ বর্ণনাটি নকল করেছেন। কিন্তু তাঁর বর্ণনা 'আসরের সালাত ছোট করতেন পর্যন্ত।

## ফুটনোট

[1] সহীহ: নাসায়ী ৯৮৩।

#### ব্যাখ্যা

व्याখ्या: (وَيَقْرَأُ فِي الْمَغْرِبِ بِقِصَارِ الْمُفَصَّلِ) "िं भागतित्वत मालात्व किमात्त पूकाम्माल मृतारुला পार्ठ



করতেন।" সূরাহ্ আল বাইয়্যিনাহ্ থেকে সূরাহ্ আন্ না-স পর্যন্ত সূরাহণ্ডলোকে কিসারে মুফাস্সাল বলা হয়। পূর্বে আলোচিত হয়েছে যে, নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম মাগরিবের সালাতে ত্বিওয়াল মুফাস্সাল ও কিসারে মুফাসসাল সব ধরনের সূরাহ্ পাঠ করতেন। তবে অধিকাংশ সময় কিসারে মুফাসসাল পাঠ করতেন। অতএব উভয় ধরনের সূরাহ্ পাঠ করাই সুন্নাত।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন